# হবিগঞ্জে ছাত্রদল সভাপতিসহ শতাধিকের বিরুদ্ধে এনসিপির মামলা



ছবি: সংগৃহীত

হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) পদযাত্রাকে কেন্দ্র করে হামলার অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। এতে জেলা ছাত্রদলের সভাপতিকে প্রধান আসামি করা হয়েছে। মামলায় ১১ জনের নাম উল্লেখের পাশাপাশি অজ্ঞাতনামা আরও ১০০ জনকে আসামি করা হয়েছে।

বুধবার (২৯ জুলাই) রাতে মামলাটি দায়ের করা হয়।

এর আগে এনসিপির কেন্দ্রীয় নেতাদের বহনকারী গাড়িবহর হবিগঞ্জের দিকে যাওয়ার পথে শ্রীমঙ্গল উপজেলার ‘চা কন্যা’ ভাস্কর্য এলাকায় পুলিশের বাধার মুখে পড়ে। বিকেল সাড়ে ৪টার দিকে মৌলভীবাজার-হবিগঞ্জ সড়কের ওই এলাকায় পুলিশ ব্যারিকেড দিয়ে গাড়িবহর থামিয়ে দেয়।

পুলিশের বাধার পর গাড়ি থেকে নেমে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের সঙ্গে কথা বলেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম, সদস্য সচিব আখতার হোসেন, দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ, উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম, মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও ডা. মাহমুদা মিতুসহ দলের কেন্দ্রীয় নেতারা।

এ সময় এনসিপির নেতাকর্মীদের সঙ্গে পুলিশের ধাক্কাধাক্কির পরিস্থিতি তৈরি হয়। একপর্যায়ে হাসনাত আবদুল্লাহ ও নাসীরুদ্দীন পাটওয়ারীর সঙ্গে পুলিশের বাগবিতণ্ডা হয়। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে তাদের সরিয়ে দেওয়ার চেষ্টা করেন পুলিশ সদস্যরা।

LENS ASIA